২৪/৮/২০০৩

তারিখ ...
পৃষ্ঠা ২ কলাম ৩

দৈনিক [illegible]

# চল যাই বৃটেনে

লন্ডনের ইতিহাস বিখ্যাত একটি উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান ইউনিভার্সিটি অব ইস্ট লন্ডন। শিক্ষা প্রতিষ্ঠানটি ১৮৯৮ সালে প্রতিষ্ঠিত হয়। বিশ্বের বহু দেশের মেধাবী শিক্ষার্থীদের এখানে স্বল্প খরচে পড়ালেখার সুযোগ রয়েছে।

ইউনিভার্সিটি অব ইস্ট লন্ডন বহুল কোর্সের সমন্বয়ে ফ্যাকাল্টিগুলো পূর্ণ করে রেখেছে। উক্ত শিক্ষা প্রতিষ্ঠানে বর্তমানে ১৬০টিরও অধিক কোর্স স্বদেশী ও বিদেশী শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত রেখেছে। এই বিশ্ববিদ্যালয়ে চারটি ফ্যাকাল্টি রয়েছে। ফ্যাকাল্টিগুলো হলো

ফ্যাকাল্টি অব ডিজাইন ইঞ্জিনিয়ারিং এন্ড দি বিল্ট এনভায়রনমেন্ট। ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড হেলথ। ফ্যাকাল্টি অব সোশাল সাইন্স। দি ইস্ট লন্ডন বিজনেস স্কুল।

**সুযোগ-সুবিধা :** দি ফ্যাকাল্টি অব ডিজাইন, ইঞ্জিনিয়ারিং এন্ড দি বিল্ট এনভায়রনমেন্টঃ এতে রয়েছে পড়ালেখার প্রচুর সুযোগ। এখানে শিক্ষার জন্য রয়েছে সুদৃশ্য পুস্তক পরিপূর্ণ লাইব্রেরী, ডিজাইনের জন্য উৎপাদন সামগ্রী, রয়েছে ল্যাবরেটরী এবং অন্যান্য প্রয়োজনীয় যন্ত্রপাতি। সোশাল সাইন্স ফ্যাকাল্টিতে 'ল' কোর্স নামে একটি অত্যন্ত পরিচিত কোর্স রয়েছে-যা বিদেশী শিক্ষার্থীদের অত্যন্ত পছন্দের একটি কোর্স। ফ্যাকাল্টি অব সাইন্স এন্ড হেলথ ফ্যাকাল্টির শিক্ষার্থীদের ব্যবহারিক ক্লাস ও নিজেদের জন্য রয়েছে আধুনিক গবেষণার বিভিন্ন যন্ত্রপাতি-যা শিক্ষার্থীদের পড়াশুনার প্রতি অধিক আগ্রহ সৃষ্টিতে সহায়ক। **পাঠদানের বিষয়সমূহঃ** এই শিক্ষা প্রতিষ্ঠানে যে বিষয়গুলো পড়ানো হয় তাদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটির নাম দেওয়া হলোঃ

আর্কিটেকচার , আর্ট, ডিজাইন, বিজনেস, কম্পিউটিং, ইকোনোমিক্স, ইঞ্জিনিয়ারিং, ফ্যাশান, সার্ভেইং, প্রপার্টি ম্যানেজমেন্ট, লাইফ সাইন্স, হেলথ এন্ড বায়োলজিক্যাল সাইন্স।

**ভর্তি প্রক্রিয়াঃ** আবেদন ফরমের জন্য ইন্টারন্যাশনাল অফিসে যোগাযোগ করতে হবে।

**ন্যূনতম ভাষাঃ** TOEFL-550+IELTS-6.0

**অন্যান্য তথ্যের জন্য যোগাযোগ করুনঃ**

INTERNATIONAL OFFICE. LONG-BRIDGE ROAD. DAGENHAM. ESSEN, RM 8 2AS, UK. CONTACT : GRAHAM PARRY. INTERNATIONAL OFFICE PH:+44-181-849-3505, FAX: +44-181-590-9203, E-mail : parry@ uel. ac-uk. সূত্রঃ INTERNEN, WEB SITE □ **নিজস্ব প্রতিনিধি**